সারাদেশে অব্যাহত নারী শিশু- নির্যাতন ধর্ষন ও হত্যার প্রতিবাদে মৌলভীবাজার সরকারি কলেজ শিক্ষার্থীদের বিক্ষোভ সমাবেশ

মৌলভীবাজার- সারাদেশে অব্যাহত নারী নির্যাতন, নিপীড়ন, খুন-ধর্ষণের বিরুদ্ধে “নিপীড়নের বিরুদ্ধে শিক্ষার্থীরা” ব্যানারে মৌলভীবাজার সরকারি কলেজে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, জুলাই গণঅভ্যুত্থানের অগ্রণী ভূমিকা পালন করে যে নারী সমাজ অভ্যুত্থান পরে নারীদেরকেই আগের মতোই হেনস্তা, নিপীড়ন করা হচ্ছে। আমরা মনে করি বিচারহীনতার সংস্কৃতিই নারী নিপীড়ন, ধর্ষণের মতো ঘটনার ধারাবাহিকতা।নুসরতান,তনু, বসুন্ধরা গ্রুপের এমডি আনভীর সোবান কর্তৃক মুনিয়া ধর্ষণের বিচার হয়নি। ফলস্বরূপ, আছিয়া কিংবা বড়লেখার তিন বছর সাত মাসের মেয়ে ধর্ষণের মতো ঘটনা ঘটছেই। উদ্বেগ প্রকাশ করে বক্তারা বলেন,পুলিশ সদর দপ্তরের তথ্য অনুসারে, ২০২৪ সালে নারী ও শিশু নির্যাতনের অভিযোগে মামলা হয়েছে ১৭ হাজার ৫৭১টি। এর মধ্যে ৬ হাজার ৮৬৭টি মামলা হয়েছে আগস্ট থেকে ডিসেম্বর পর্যন্ত। ২০২৩ সালে মামলা হয়েছিল ১৮ হাজার ৯৪১টি। ২০২৫ সালের জানুয়ারি মাসে ১ হাজার ৪৪০টি মামলা হয়েছে।এতে স্পষ্টই বুঝা যাচ্ছে যে,স্বরাষ্ট্র উপদেষ্টা শৃঙ্খলা ফিরিয়ে আনতে পুরোটাই ব্যর্থ। সুতরাং অবিলম্বে ব্যর্থ স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবি করে সকল প্রকার নারী নির্যাতন, নিপীড়নের বিরুদ্ধে শক্তভাবে বিচার কার্য পরিচালনার জোর দাবি জানান। একই সাথে প্রকাশ্যে নারী বিদ্বেষী বক্তব্যের বিরুদ্ধে আইনি ও সামাজিক প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

সমাবেশে উপস্থিত ছিলেন, মৌলভীবাজার সরকারি কলেজের পদার্থ বিজ্ঞানের সাবেক শিক্ষার্থী মাহমুদ আহমেদ,একাউন্টটিং বিভাগের

ছাত্র ফারাবী আহমেদ,রাষ্ট্রবিজ্ঞান বিভাগের রাজিব সূত্রধর, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী জ্যোতিষ মোহন্ত, নাজমা বেগম,শাকিলা আক্তার, শ্রীমঙ্গল সরকারি কলেজের নাফিসা আক্তার। সংহতি রাখেন অভিভাবক খসরু চৌধুরী, নাট্যকর্মী শাহীন ইকবাল।সমাবেশের আগে ও পরে ক্যাম্পাসে মিছিল অনুষ্ঠিত হয়। প্রতিবাদকারীরা

‘জান, মালের নিরাপত্তা দে/ নইলে গদি ছেড়ে দে’, ‘খুন, ধর্ষণ, নিপীড়ন/ রুখে দাঁড়াও জনগণ’, ‘অবিলম্বে ধর্ষকদের/ বিচার করো করতে হবে’, ‘ধর্ষকরা ধর্ষণ করে/ প্রশাসন কী করে?’, ‘বেগম রোকেয়া শিখিয়ে গেছে/ লড়াই করে বাঁচতে হবে’ ইত্যাদি স্লোগান দেন।

মোঃ জাকির হোসেন